

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩/২০১৪

অভিযোগকারী : জনাব মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ
পিতা-ক্বারী হাসমত আলী
গ্রাম+পোঃ মেছেরা
উপজেলা-হোসেনপুর
জেলা-কিশোরগঞ্জ।

প্রতিপক্ষ : সাব-রেজিস্ট্রার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
নান্দাইল, ময়মনসিংহ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৩-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ, ২৯-০১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করে জানান যে, তার দায়েরকৃত ৮২/২০১৩ নং অভিযোগের প্রেক্ষিতে তথ্য কমিশন কর্তৃক শুনানী গ্রহনান্তে সিদ্ধান্ত প্রদানের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ২৭১১ নং স্মারকের ফটোকপি সরবরাহ করেছেন, কিন্তু কোন সত্যায়িত কপি দেননি। জেলা রেজিস্ট্রার হতে পত্রের তদন্তের প্রতিবেদনের কোন কপি সরবরাহ করেনি।

০২। বিষয়টি কমিশনের ০৯-০২-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৩-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মাওঃ ক্বারী মোঃ ইলিয়াছ হাজির; প্রতিপক্ষ, সাব রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), নান্দাইল, ময়মনসিংহ গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ৮২/২০১৩ নং অভিযোগের প্রেক্ষিতে তথ্য কমিশন কর্তৃক শুনানী গ্রহনান্তে সিদ্ধান্ত প্রদানের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে তথ্য মূল্য বাবদ ৬০ (ষাট) টাকা প্রদান করা হয়। তার প্রেক্ষিতে শুধু জেলা রেজিস্ট্রার এর কার্যালয়, ময়মনসিংহ এর ২৭১১ নং স্মারকের একটি পত্রের ফটোকপি ০১(এক) পাতা সরবরাহ করেছেন কিন্তু কোন তদন্ত প্রতিবেদন সরবরাহ করেননি।

পর্যালোচনা।

অভিযোগকারী এর বক্তব্য শবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে শুধু ২৭১১ নং স্মারকের পত্রের ফটোকপি সরবরাহ করা হয়েছে কিন্তু কোন তদন্ত প্রতিবেদন এর কপি সরবরাহ করা হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে অভিযোগকারীর প্রার্থিত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

(অ:পূ:দ্র:)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৩-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য সাব রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), নান্দাইল, ময়মনসিংহ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার